



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়  
রেজিস্ট্রারের কার্যালয়  
বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১  
www.iau.edu.bd

স্মারক নং-ইআবি/রেজি/প্রশা/ফা.গ.ব/রা-১০৯/২০১৭/৮৫৮

তারিখ: ২ আশ্বিন ১৪৩০ বঙ্গ  
২৬ জুন ২০২৩ খ্রি:


বিষয়: আজীবন/এককালীন দাতা সদস্য প্রসঙ্গে।

সূত্র: হা:ফা:মা:ফরিদ:পাব-২০২৬/৪০, তারিখ: ১৮.০৪.২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রে বর্ণিত আবেদনের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, হাদল ফাজিল মাদরাসা, ফরিদপুর, পাবনা-এর অধ্যক্ষ মাদরাসার পূর্বের এককালীন দাতা সদস্যগণকে পরবর্তী নির্বাচনের আজীবন দাতা সদস্যগণের ন্যায় ভোটার তালিকা অন্তর্ভুক্ত করার বিষয়ে আবেদন করেন। আবেদনের প্রেক্ষিতে ইসলামি বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া অর্ডিন্যান্স-২০০৬ এর সংজ্ঞা ২(খ) অনুযায়ী এককালীন ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা দানকারী ব্যক্তি আজীবন দাতা সদস্য এবং ২০,০০০/- (বিশ হাজার) টাকা দানকারী ব্যক্তি মৌসুমী/সাময়িক দাতা হিসেবে গণ্য হওয়ার বিধান ছিল। কিন্তু ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় তৃতীয় সংবিধি-২০২৩ এর সংজ্ঞা ২৭ অনুযায়ী দাতা সদস্যের বিধান থাকলেও মৌসুমী/সাময়িক দাতা সদস্য হওয়ার কোনো বিধান নেই। ফলে বর্তমান সংবিধি অনুযায়ী মৌসুমী/সাময়িক দাতা সদস্য হিসেবে অন্তর্ভুক্ত হওয়ার সুযোগ নেই।

এমতাবস্থায়, পূর্বে যারা আজীবন দাতা সদস্য হিসেবে অন্তর্ভুক্ত ছিলেন, তারা দাতা সদস্য হিসেবে গণ্য হবেন। এছাড়া সংবিধি-২০২৩-এর বিধান অনুযায়ী অর্থ বা সম্পদ প্রদানকারী নতুন ব্যক্তির বা দাতা সদস্য হিসেবে গণ্য হবেন। এমতাবস্থায়, বিশ্ববিদ্যালয়ের সংবিধি-২০২৩ এর আলোকে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে



(ফাহাদ আহমদ মোমতাজী)

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

মোবাইল: ০১৭০৫৪০৮০০১

মেইল: iauregistr@gmail.com

প্রাপক

অধ্যক্ষ

হাদল ফাজিল মাদরাসা

উপজেলা- ফরিদপুর, জেলা- পাবনা।

স্মারক নং-ইআবি/রেজি/প্রশা/ফা.গ.ব/রা-১০৯/২০১৭/৮৫৮

তারিখ: ১৬.০৬.২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. সভাপতি, হাদল ফাজিল মাদরাসা, ফরিদপুর, পাবনা।
২. ভাইস-চ্যান্সেলরের একান্ত সচিব (মাননীয় ভাইস-চ্যান্সেলরের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৩. আই.সি.টি. শাখা (ওয়েবসাইটে প্রকাশের জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৪. সংশ্লিষ্ট নথি ও মহানথি।



১৬.০৬.২০২৩  
(মো: শাহ নেওয়াজ)

সহকারী রেজিস্ট্রার

মোবাইল: ০১৭১১-৬৬৫৪০৫